রোটারি ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে কামারুল আরেফিন এমপিকে সংবর্ধনা

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য ও রোটারিয়ান কামারুল আরেফিন বলেছেন, রোটারিয়ানরা সব সময় আর্তমানবতার কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। কোনো প্রতিদান নয়, মানুষ হিসেবে মানুষের সেবা করার মনোভাব থেকেই রোটারিয়ানরা কাজ করে থাকেন।

আজ শুক্রবার বিকেলে শহরের খেয়া রেস্তোরাঁয় রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সাপ্তাহিক মিটিং ও ইফতার মাহফিল এবং ক্লাব সদস্য কামারুল আরেফিন এমপি নির্বাচিত হওয়ায় সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বিশ্বজুড়ে রোটারিয়ানরা মানবসেবায় নানামুখী কাজ করে চলেছে। ত্রাণ বিতরণ, দুস্থ অসহায় মানুষের পাশে দাঁড়ানো, চিকিৎসাসেবা, শিক্ষাবৃত্তি প্রদানসহ নানামুখী সেবামূলক কার্যক্রমে রোটারিয়ানরা সুদীর্ঘ কাল থেকে অবদান রেখে চলেছে।

এমপি বলেন, দীর্ঘ ৪৯ বছর পর মিরপুর উপজেলায় আওয়ামী লীগের কেউ এমপি হিসেবে নির্বাচিত হয়েছি। এমপি হিসেবে আমি মিরপুর ভেড়ামারা উপজেলার মানুষের ভাগ্য পরিবর্তন করতে চাই।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, রোটারি ডিষ্ট্রিক ৩২৮১ ডেপুটি কমান্ডার, অজয় সুরেকা, রোটারিয়ান আব্দুল খালেক, পাস্ট প্রেসিডেন্ট আকাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা রফিকুল আলম টুকু প্রমুখ।

রোটারি ডিষ্ট্রিক ৩২৮১ ডেপুটি কমান্ডার ও জেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকা বলেন, আমি দীর্ঘদিন ধরে এই আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন রোটারি ক্লাবের সাথে সম্পৃক্ত হয়েছি। নানামুখী সেবামূলক কার্যক্রম করতে হয়েছে আমাকে। একজন মানুষ হিসেবে মানুষের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব। সেই জায়গা থেকে রোটারিয়ানরা সামাজিক ও নৈতিক দায়িত্ব পালন করে চলেছে বলেও জানান তিনি।

তিনি বলেন, আজকের এই সংবর্ধনা অনুষ্ঠানে সম্বর্ধিত কামারুল আরেফিন এমপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান থেকে আজকের এই (মিরপুর ভেড়ামারা) দুই উপজেলার জননেতা এমপি নির্বাচিত হয়েছেন। শুধু তাই নয়, হেভিওয়েট নেতাকে পরাজিত করে বিপুল ভোটে এমপি হিসেবে নির্বাচিত হয়েছেন। আগামী ৫ বছর এই দুই উপজেলায় ব্যাপক উন্নয়নমুলক কাজ করবে এই কামারুল আরেফিন এমপি।

সভায় সভাপতিত্ব করেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট মোসাদ্দেক আলী রিপন। রিপোর্ট পেশ করেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সেক্রেটারী রকিবুজ্জামান সেতু।

এসময় উপস্থিত ছিলেন, রোটারিয়ান কাজী শামসুন্নাহার আলো, আকরাম হোসেন বাবু, আবু হাসান লিটন, মিঠু, ডাঃ বিশ্বনাথ পাল, তুষার রতন, রোয়াইম রাব্বি, বরেন পোদ্দার, ফরহাদ আলী খান, জাকিরুল ইসলাম জাকির, জাহিদুল ইসলাম রনি, জেসমিন হোসেন মিনি, গোপা সরকার, খেয়া রেস্তোরাঁর জেনারেল ম্যানেজার সাইদুল বারী টুটুল সহ রোটারী ক্লাব অব কুষ্টিয়ার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এরআগে সংসদ সদস্য কামারুল আরেফিনকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক ক্রেস্ট তুলে দেন রোটারী ক্লাব অব কুষ্টিয়ার নেতৃবৃন্দ।